# সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৫৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৬৮]

৮/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২২। বায়তুল্লাহ ও অন্যান্য মসজিদের দরজা রাখা ও তালা লাগানো।

## باب الأَبْوَابِ وَالْغَلَقِ لِلْكَعْبَةِ وَالْمَسَاجِدِ

আরবী

حَدَّثَنَا أَبُو النُّعْمَانِ، وَقُتَيْبَةُ، قَالاَ حَدَّثَنَا حَمَّادٌ، عَنْ أَيُّوبَ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَدِمَ مَكَّةَ، فَدَعَا عُثْمَانَ بْنَ طَلْحَةَ، فَفَتَحَ الْبَابَ، فَدَخَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم وَبِلاَلٌ وَأُسَامَةُ بْنُ زَيْدٍ وَعُثْمَانُ بْنُ طَلْحَةَ، ثُمَّ أُغْلِقَ الْبَابُ، فَلَبِثَ فِيهِ سَاعَةً ثُمَّ خَرَجُوا. قَالَ ابْنُ عُمَرَ فَبَدَرْتُ فَسَأَلْتُ بِلاَلاً فَقَالَ صَلَّى فِيهِ. فَقُلْتُ فِي أَىٍّ قَالَ بَيْنَ الأُسْطُوَانَتَيْنِ. قَالَ ابْنُ عُمَرَ فَذَهَبَ عَلَىَّ أَنْ أَسْأَلَهُ كَمْ صَلَّى.

বাংলা

قَالَ أَبُو عَبْدِ اللَّهِ وَقَالَ لِي عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا سُفْيَانُ عَنِ ابْنِ جُرَيْجٍ قَالَ: قَالَ لِي ابْنُ أَبِي مُلَيْكَةَ يَا عَبْدَ الْمَلِكِ، لَوْ رَأَيْتَ مَسَاجِدَ ابْنِ عَبَّاسٍ وَأَبْوَابَهَا

আবূ আবদুল্লাহ [ইমাম বুখারী (রহঃ)] বলেনঃ আমাকে আবদুল্লাহ ইবনে মুহাম্মদ বলেছেন যে, আমাকে সুফিয়ান (রহঃ) ইবনে জুরাইজ (রহঃ) থেকে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ আমাকে ইবনে আবী মুলায়কা (রহঃ) বলেছেন, হে আবদুল মালিক! তুমি ইবনে আব্বাস (রাঃ) এর মসজিদ ও তাঁর দরজাগুলো যদি দেখতে।

---

৪৫৪। আবূ নু’মান ও কুতায়বা (রহঃ) ..... ইবনু উমর (রাঃ) থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মক্কায় আসেন তখন উসমান ইবনু তালহা (রাঃ)-কে ডাকলেন। তিনি দরজা খুলে দিলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, বিলাল, উসামা ইবনু যায়েদ ও উসমান ইবনু তালহা (রাঃ) ভিতরে গেলেন। তারপর দরজা বন্ধ করে দেয়া হল। তিনি সেখানে কিছুক্ষণ থাকলেন। তারপর সবাই বের হলেন। ইবনু উমর (রাঃ) বলেনঃ আমি তাড়াতাড়ি গিয়ে বিলাল (রাঃ) কে (সালাতের কথা) জিজ্ঞাসা করলাম। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভিতরে সালাত (নামায/নামাজ) আদায় করেছেন। আমি জিজ্ঞাসা করলামঃ কোন স্থানে? তিনি বলেনঃ দুই স্তম্ভের মাঝামাঝি। ইবনু উমর (রাঃ) বলেনঃ কয় রাকা’আত আদায় করেছেন তা জিজ্ঞাসা করতে আমি ভুলে

গিয়েছিলাম।

## English

Narrated Nafi`: Ibn `Umar said, "The Prophet (sallallahu 'alaihi wa sallam) arrived at Mecca and sent for `Uthman bin Talha. He opened the gate of the Ka`ba and the Prophet, Bilal, Usama bin Zaid and `Uthman bin Talha entered the Ka`ba and then they closed its door (from inside). They stayed there for an hour, and then came out." Ibn `Umar added, "I quickly went to Bilal and asked him (whether the Prophet (sallallahu 'alaihi wa sallam) had prayed). Bilal replied, 'He prayed in it.' I asked, 'Where?' He replied, 'Between the two pillars.' "Ibn `Umar added, "I forgot to ask how many rak`at he (the Prophet) had prayed in the Ka`ba."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=465

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন